তারিখ .. 7/8/74 ... ...
পৃষ্ঠা... .. 8 কলাম... 6.. ...

দৈনিক বাংলা

042

### সোয়াগাজীর জনসভায় শিক্ষামন্ত্রী

# শিক্ষা ব্যবস্থাকে চাহিদা অনুযায়ী উৎপাদনের সাথে জড়িত করা হবে

কুমিল্লা, ৬ই আগস্ট : শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, দেশে বর্তমানে যে শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে তা শুধু বেকার সৃষ্টিতে সহায়তা করছে। তিনি আজ এখানে কোতোয়ালী থানার সোয়াগাজীতে এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন। শিক্ষা ক্ষেত্রে বিরাজমান বৈষম্য সম্পর্কে তিনি বলেন, এই বৈষম্য অবশ্যই দূর করতে হবে। আমাদের দেশে যে উদ্দেশ্যহীন ও লক্ষ্যহীন শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে বিশ্বে আর কোথাও তা নেই। এই শিক্ষা ব্যবস্থাকে দেশের চাহিদা অনুযায়ী উৎপাদনের সাথে জড়িত করার প্রয়াস নেয়া হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ দেশের প্রতি থানায় একটি করে কারিগরি ও কৃষি স্কুল স্থাপনের কথা উল্লেখ করেন। উৎপাদনমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে শিক্ষার্থীদের- দেশ গড়ার কারিগর হিসেবে গড়ে তোলার প্রয়োজনীয়তার কথা তিনি জোর দিয়ে বলেন। তিনি বলেন, বর্তমানে আমাদের দেশে গড়ে দেড় কোটি শিশু প্রাথমিক শিক্ষা লাভের বয়সে প্রবেশ করছে। এর মধ্যে মাত্র ৭৫ লাখ শিশু কোনরকমে প্রাথমিক শিক্ষার সুযোগ পায়। আবার এই ৭৫ লাখ শিশুর মধ্যে মাত্র ৩৫ হাজার উচ্চ শিক্ষার সুযোগ পায়।

কাজী জাফর আহমদ বলেন, নতুনভাবে শিক্ষাকে ঢেলে না সাজালে এমনিভাবে বছরের পর বছর লাখ লাখ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হয়ে অজ্ঞানতার অন্ধকারের অতল গহ্বরে হারিয়ে যাবে।

পঞ্চম শ্রেণী পর্যন্ত নোট বই বাতিল ও তৃতীয় শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক মূল্য হ্রাস সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, এর ফলে একদিকে যেমন কোমলমতি বালক-বালিকাদের জ্ঞানের পরিধিকে রুদ্ধ করার যে ঘৃণ্য কারসাজি চলছিল তা থেকে আমাদের শিশুরা মুক্তি পাবে অন্য দিকে তেমনি অভিভাবকরাও বর্তমানের নোট বইসহ পাঠ্যপুস্তক কেনার তুলনায় শতকরা ষাট ভাগেরও কম খরচে তাদের ছেলেমেয়েদের পাঠ্য পুস্তক কিনে দিতে পারবেন।

কাজী জাফর আহমদ বলেন, যারা সরকারের নোট বই নিষিদ্ধ করার আদেশকে অমান্য করে নোট বই প্রকাশ, বিতরণ ও বিক্রি করবেন তাদের কঠোরতম শাস্তি বিধানের জন্য আইন তৈরি করা হচ্ছে।

শিক্ষামন্ত্রী ছাত্র ও শিক্ষকদের গণতান্ত্রিক অধিকার থাকা বাঞ্ছনীয় বলে পুনরায় তার অভিমত ব্যক্ত করেন। এই প্রসঙ্গে তিনি বলেন, গণতান্ত্রিক অধিকারের সুযোগ নিয়ে যারা শিক্ষাপ্রতিষ্ঠানে অস্ত্রের ঝন ঝনানি করে তাদেরকে রুখতে হবে। তিনি বলেন, সাধারণ ছাত্র-শিক্ষকদের স্বার্থেই এসেরকে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সরাতে হবে। এ সম্পর্কে শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩৫ জন শিক্ষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি সম্পর্কে পত্রিকায় যে বিবৃতি প্রদান করেছেন তাকে স্বাগত জানান।

পূর্বাহ্নে কাজী জাফর আহমদ চিওরা হাইস্কুলে বাতিসা, কনকাপৈত, চিওরা ও জগন্নাথ দীঘি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের এক সমাবেশে ভাষণ দেন। উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন চৌদ্দগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আবদুল গফুর পাটোয়ারী।

দুপুরে শিক্ষামন্ত্রী বাতিসা ইউনিয়নে আয়োজিত আরেকটি জনসভায় ভাষণ দেন। উক্ত জনসভায় সভাপতিত্ব করেন জনাব নওয়াব আলী মাস্টার। এছাড়াও শিক্ষামন্ত্রী আজ বাতিসা এতিমখানা, বালিকা বিদ্যালয় ও কুলিয়ারা জুনিয়র হাইস্কুল পরিদর্শন করেন।

রাতে শিক্ষামন্ত্রী সার্কিট হাউসে স্থানীয় নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে মিলিত হন।